

# যুগান্তর

## প্রাথমিকের ১০৩১ শিক্ষকের চাকরি জাতীয়করণ

প্রকাশ : ০৮ অক্টোবর ২০১৯, ০০:০৮ | অনলাইন সংস্করণ

 যুগান্তর ডেস্ক



যুগান্তর

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। ছবি: যুগান্তর

তৃতীয় ধাপে  
অধিগ্রহণকৃত ২৯২টি  
প্রাথমিক বিদ্যালয়ের  
এক হাজার ৩১ জন  
শিক্ষকের চাকরি  
জাতীয়করণ করেছে  
সরকার।

সোমবার প্রাথমিক ও  
গণশিক্ষা মন্ত্রণালয় এ  
সংক্রান্ত একটি আদেশ  
জারি করেছে।

প্রাথমিক ও গণশিক্ষা  
মন্ত্রণালয়ের উপসচিব  
নাজমা শেখ জানান,  
২০১৪ সালের ১  
জানুয়ারি থেকে ২৯১টি  
এবং ২০১৮ সালের ৪  
ফেব্রুয়ারি থেকে নওগাঁ  
জেলার মান্দা  
উপজেলার পুকুরিয়া  
তেপাড়া কেশবপুর

সরকারি প্রাথমিক বিদ্যালয়টির শিক্ষকের চাকরি জাতীয়করণ বলে গণ্য হবে।

পুকুরিয়া তেপাড়া কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি জাতীয়করণ এবং এই বিদ্যালয়ের শিক্ষক মো. রবিউল ইসলাম, বীথি রাণী, মোসা. সুলেখা খাতুন এবং সাবিনা ইয়াসমিন ২০১৮ সালের ৪ ফেব্রুয়ারি হতে নিয়োগপ্রাপ্ত হবেন।

প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের আওতায় তৃতীয় ধাপে অধিগ্রহণকৃত বিদ্যালয়গুলোর মধ্যে ২৯১টি বিদ্যালয়ের শিক্ষক আত্মীকরণ সংক্রান্ত টাঙ্কফোর্স কমিটির সভায় এসব শিক্ষকের আত্মীকরণের সিদ্ধান্ত হয়।

এসব বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয়করণ করার বিষয়ে মামলাসহ অন্যান্য জটিলতা ছিল। দীর্ঘ সময়ে এই জটিলতা কাটিয়ে জাতীয়করণ করল মন্ত্রণালয়।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।